

ডিসেম্বরের মধ্যেই রাইটের অর্থ ব্যবহার করবে বিডি থাই

উৎপাদনক্ষমতা বাড়ানোর পাশাপাশি আংশিক ব্যাংকঋণ পরিশোধে ২০১৬ সালের সেপ্টেম্বরে রাইট শেয়ার ছেড়ে পুঁজিবাজার থেকে ৫২ কোটি টাকারও বেশি তহবিল সংগ্রহ করেছিল বাংলাদেশ (বিডি) থাই অ্যালুমিনিয়াম লিমিটেড। গত বছরের ৩১ ডিসেম্বরের মধ্যে রাইটের অর্থ ব্যয়ের কথা থাকলেও নির্ধারিত সময়ের মধ্যে পুরো অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। এ পরিপ্রেক্ষিতে শেয়ারহোল্ডার ও নিয়ন্ত্রক সংস্থার অনুমোদনসাপেক্ষে চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত রাইটের অর্থ ব্যয়ের সময়সীমা বাড়ানো হয়। এরই মধ্যে বিদেশ থেকে প্রয়োজনীয় যন্ত্রপাতি আনার পাশাপাশি সম্প্রসারণ প্রকল্পের কাজ প্রায় শেষ করে এনেছে কোম্পানিটি। ফলে এবার নির্ধারিত সময়ের মধ্যেই রাইট তহবিলের অর্থ ব্যয় করা সম্ভব হবে বলে জানিয়েছেন কোম্পানিটির কর্মকর্তারা। রাইট তহবিলের অর্থ ব্যয়ের বিষয়ে জানতে চাইলে বিডি থাই অ্যালুমিনিয়ামের প্রধান অর্থ কর্মকর্তা (সিএফও) মো. জাহিদুল আলম বণিক বার্তাকে বলেন, এরই মধ্যে প্রকল্পের কাজ প্রায় শেষ হয়ে এসেছে। <http://bonikbarta.net>

মেঘনা পেট্রোলিয়ামের রেকর্ড ডেট আজ

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের বার্ষিক সাধারণ সভার (এজিএম) রেকর্ড ডেট আজ। স্টক এক্সচেঞ্জে এদিন কোম্পানিটির শেয়ার লেনদেন বন্ধ থাকবে। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে এ তথ্য জানা গেছে। সরকারের জ্বালানি কোম্পানিটির পরিচালনা পর্ষদ ৩০ জুন ২০১৮ সমাপ্ত হিসাব বছরের জন্য ১৪০ শতাংশ নগদ লভ্যাংশ সুপারিশ করেছেন। সমাপ্ত হিসাব বছরে এর শেয়ারপ্রতি আয় (ইপিএস) হয়েছে ৩৩ টাকা ৩০ পয়সা ও শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) ১১৩ টাকা ২০ পয়সা। আগামী ১২ জানুয়ারি চট্টগ্রামের সিটি হল কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে কোম্পানিটির এজিএম। এদিকে চলতি হিসাব বছরের প্রথম প্রান্তিকে (জুলাই থেকে সেপ্টেম্বর) মেঘনা পেট্রোলিয়ামের ইপিএস হয়েছে ৮ টাকা ৬ পয়সা, এক বছর আগে একই সময়ে যা ছিল ৬ টাকা ৩ পয়সা। ৩০ সেপ্টেম্বর এর এনএভিপিএস দাঁড়ায় ১২১ টাকা ২৬ পয়সায়। <http://bonikbarta.net>

এক বছরে দ্বিগুণ হয়েছে হেলমেট আমদানি

কম দামের হেলমেট খুঁজছিলেন মোখলেসুর রহমান। হেলমেট না থাকায় পুলিশ তাকে ৪০০ টাকা জরিমানা করেছে। এজন্যই বংশালের এক দোকানে হেলমেট কিনতে ছুটেছেন পেশায় মোটরসাইকেল চালক মোখলেসুর। তার মতো পেশাদাররা তো বটেই, অন্য যারাই মোটরসাইকেল চালান, গত কয়েক মাসে তারাও হেলমেট ব্যবহার শুরু করেছেন পুলিশের মামলা থেকে বাঁচতে। এতে করে মোটরবাইকের জরুরি এ অনুষঙ্গটির বিক্রি ও আমদানি দুটোই বেড়েছে উল্লেখযোগ্যভাবে। সাম্প্রতিক বছরগুলোয় রাজধানীসহ কয়েকটি শহরে মোটরসাইকেল রাইড শেয়ারিংয়ের প্রচলন বেড়েছে। অ্যাপভিত্তিক এসব সেবায় নগরবাসীর নির্ভরতার পাশাপাশি বেড়েছে মোটরসাইকেলের সংখ্যা। তার সঙ্গে পাল্লা দিয়ে দ্বিগুণ হয়েছে হেলমেট আমদানি। <http://bonikbarta.net>

শি-ট্রাম্প বৈঠকের ফলাফলে নির্ধারিত হবে বৈশ্বিক বাজারের গতি-প্রকৃতি

আর্জেন্টিনার বুয়েন্স আয়ার্সে জি২০ সম্মেলনের প্রথম দিনই চীনের প্রেসিডেন্ট শি জিনপিংসহ শীর্ষ উন্নয়নশীল দেশগুলোর নেতারা রক্ষণশীলতার কড়া নিন্দা জানিয়েছেন। উন্নত দেশগুলোর এ জোটের দুই দিনব্যাপী সম্মেলনটিতে শুরু থেকেই চীনা পণ্যে যুক্তরাষ্ট্রের আরো শুষ্কারোপের ছমকির ছায়া বিরাজ করছে। দুই দেশের নেতাদের সম্ভাব্য সাক্ষাতের মধ্য দিয়ে বিশ্বে চলমান বাণিজ্যযুদ্ধ অবসানে কোনো সমাধান আসে কিনা, সেদিকেই সবার লক্ষ্য এখন। খবর রয়টার্স, ক্লমবার্গ ও এএফপি। শুক্রবার থেকে শুরু হওয়া চলতি বছরের জি২০ সম্মেলনকে শিল্পোন্নত দেশগুলোর জন্য বড় পরীক্ষা হিসেবে দেখা হচ্ছে। ২০০৮ সালে এ দেশগুলোর নেতারা বিশ্ব অর্থনীতিকে সাত দশকের মধ্যে সবচেয়ে ভয়াবহ সংকট থেকে উদ্ধার করতে প্রথম মিলিত হয়েছিল। বর্তমানে অনেক দেশেই জাতীয়তাবাদী মনোভাব রয়েছে এ অবস্থায় বিশ্বের দুই-তৃতীয়াংশ জনসংখ্যার দেশগুলোর জোট জি২০ এ বাণিজ্য উত্তেজনা মোকাবেলার সক্ষমতা রাখে কিনা, সে বিষয়ে প্রশ্ন উঠছে। আট মাসেরও বেশি সময় ধরে বাণিজ্য উত্তেজনা ওয়াল স্ট্রিটের আকাশে কালো মেঘ জমিয়ে রেখেছে। বিনিয়োগকারীরা এখন সম্মেলনের মাধ্যমে বিভিন্ন ধরনের ফলাফল ধারণা করছেন, যা বাকি সময়টিতেও শেয়ারবাজারকে প্রভাবিত করবে। <http://bonikbarta.net>

হ্যাকিংয়ের শিকার ম্যারিয়ট ইন্টারন্যাশনালের ৫০ কোটি গ্রাহক

তথ্য চুরির শিকার হয়েছে বিশ্বের স্বনামধন্য হোটেল গ্রুপ ম্যারিয়ট ইন্টারন্যাশনালের ৫০ কোটি গ্রাহক। খবর বিবিসি। হোটেল চেইন ম্যারিয়ট ইন্টারন্যাশনাল জানায়, অননুমোদিত একটি গোষ্ঠী তাদের স্টারউড বিভাগের গ্রাহকদের তথ্য হামলা চালিয়েছে। এক অভ্যন্তরীণ তদন্তে দেখা গেছে, ২০১৪ সাল থেকে একজন হ্যাকার অবৈধভাবে স্টারউড নেটওয়ার্কে ঢুকে আসছে। হ্যাক হওয়া ডাটাবেজে যেসব গ্রাহকের তথ্য রয়েছে, তাদের অবগত করা হবে বলে জানিয়েছে প্রতিষ্ঠানটি। ২০১৬ সালে স্টারউডকে কিনে নেয় হোটেল চেইন ম্যারিয়ট ইন্টারন্যাশনাল। আর এর মাধ্যমে বিশ্বের বৃহত্তম হোটেল চেইনে ওঠে তারা। সারা বিশ্বে তাদের রয়েছে ৫ হাজার ৮০০ শাখা। <http://bonikbarta.net>

জ্বালানি তেল : নিষেধাজ্ঞার আগেই ইরানের রফতানি ৫ বছরের সর্বনিম্নে

চলতি বছরের ৫ নভেম্বর ইরানের ওপর নতুন করে মার্কিন নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে। তবে নিষেধাজ্ঞা শুরুর আগেই দেশটির অপরিশোধিত জ্বালানি তেল রফতানিতে এর প্রভাব পড়েছে। চলতি বছরের অক্টোবরে ইরান থেকে এশিয়ার দেশগুলোয় জ্বালানি পণ্যটির মাসিভিত্তিক গড় রফতানি পাঁচ বছরের মধ্যে সর্বনিম্ন অবস্থানে নেমে এসেছে। আগের বছরের একই সময়ের তুলনায় এসব দেশে ইরান থেকে অপরিশোধিত জ্বালানি তেল রফতানি কমেছে ৫৬ শতাংশের বেশি। মূলত নিষেধাজ্ঞা শুরুর আগেই ওয়াশিংটনের চাপে ইরান থেকে এশিয়ার দেশগুলো জ্বালানি পণ্যটির আমদানি কমিয়ে দেয়। এ পরিস্থিতি তৈরি হয়েছে বলে মনে করছেন বিশ্লেষকরা। খবর রয়টার্স, ক্লমবার্গ ও অয়েলপ্রাইসডটকম। ইরান থেকে রফতানি হওয়া অপরিশোধিত জ্বালানি তেলের অন্যতম ক্রেতা এশিয়ার দেশগুলো। <http://bonikbarta.net>